



লিবারেল পার্টি বাংলাদেশ
www.liberalbd.org

২০ ডিসেম্বর ২০০৯ইং

চূড়ান্ত বাছাই সম্পন্ন, কংগ্রেস জানুয়ারীতে
শেখ মহিউদ্দিন আহমেদ বিনা প্রতিদ্বন্দ্বিতায়
লিবারেল পার্টি'র প্রেসিডেন্ট নির্বাচিত

লিবারেল পার্টি বাংলাদেশের প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন পার্টির প্রতিষ্ঠাতা শেখ মহিউদ্দিন আহমেদ। তিনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। পার্টি'র নির্বাচন কমিশন ঘোষিত তফসীল অনুযায়ী ১টি মাত্র আবেদন পত্র জমা পরে এবং ১৯ ডিসেম্বর ২০০৯ চূড়ান্ত বাছাই শেষে এই ঘোষণা প্রদান করা হলো। আগামী জানুয়ারী ২০১০ এ অনুষ্ঠিতব্য পার্টি'র কংগ্রেসে ডেলিগেটদের দ্বারা নির্বাচিত প্রেসিডেন্ট কর্তৃক মনোনীত জাতীয় নির্বাহী কমিটির সদস্যদের নির্বাচনী প্রক্রিয়া অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য জনাব শেখ মহিউদ্দিন আহমেদ আইন আয়ারল্যান্ড সরকারের অর্থায়নে আয়ারল্যান্ডে আইন শাস্ত্রে উচ্চশিক্ষা গ্রহণ করছেন।

লিবারেল পার্টি বাংলাদেশের
জাতীয় নির্বাহী কমিটি ভেঙ্গে দেয়া হয়েছে।

লিবারেল পার্টি বাংলাদেশের প্রেসিডেন্ট শেখ মহিউদ্দিন আহমেদ এক আদেশবলে লিবারেল পার্টি বাংলাদেশের বর্তমান এডহক কমিটি ভেঙ্গে দিয়েছেন। অনুষ্ঠিতব্য পার্টি'র জাতীয় কংগ্রেসে নতুন জাতীয় নির্বাহী কমিটি গঠন না হওয়া পর্যন্ত প্রকৌশলী আজিমুল হকের নেতৃত্বে পার্টি'র "জাতীয় কংগ্রেস কমিটি" পার্টির সকল কার্যক্রম পরিচালনা করবেন বলে এক সার্কুলারে জানানো হয়। আগামী ২১ ডিসেম্বর ২০০৯ ইং তারিখ থেকে এই নির্দেশ কার্যকর হবে।

বার্তা প্রেরক-

আবুল বাশার পাটোয়ারী
যুগ্ম জাতীয় পরিচালক

জাতীয় সদর দপ্তর

৪৩৬, বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়ারলেস রেলগেট, ঢাকা-১২১৭।

ফোন: ৯৩৬০৭৭৪। ইমেইল: libpartybd@gmail.com